# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২১

পর্ব-২: ‘ইলম (বিদ্যা) (كتاب العلم)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَن سَخْبَرَة الْأَزْدِيّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مِنْ طَلَبَ الْعِلْمَ كَانَ كَفَّارَةً لِمَا مَضَى» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَالدَّارِمِيُّ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ ضَعِيفُ الْإِسْنَادِ وَأَبُو دَاوُدَ الرَّاوِي يُضَعَّفُ

বাংলা

২২১-[২৪] সাখবারাহ্ আল আযদী (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি জ্ঞানানুসন্ধান করে, তা তার পূর্ববর্তী সময়ের গুনাহের কাফফারাহ্ হয়ে যাবে। (তিরমিযী ও দারিমী)[1]

ইমাম তিরমিযী বলেছেন, এ হাদীসটি সানাদের দিক দিয়ে য’ঈফ। কারণ এর একজন রাবী আবূ দাঊদ (নকী ইবনু হারিস)-কে য’ঈফ বলা হয়ে থাকে।

ফুটনোট

[1] মাওযূ‘ : তিরমিযী ২৬৪৭, য‘ঈফুল জামি‘ ৫৬৮৬, দারিমী ৫৮০। কারণ এর সানাদে ‘‘আবূ দাঊদ আল আ‘মা’’ রয়েছে যিনি ‘‘নাসীফ’’ নামে প্রসিদ্ধ, তিনি একজন মিথ্যুক রাবী। আর মুহাম্মাদ বিন হুমায়দ একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অতএব মাতানটিকে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দিকে সম্বন্ধ করা বৈধ নয়। বরং ‘আমল করার উদ্দেশে শার‘ঈ বিদ্যা অর্জন করা এবং তাওবাহ্ করা, অন্যায় ও অন্যান্য পাপের কাজ বর্জন করা গুনাহ মাফের মাধ্যম।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54780

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন